

বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল-এর সংস্থাপন-২ শাখার কার্যক্রম

এ শাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি শাখা। এ শাখাকে 'মাদার সেকশন'ও বলা হয়ে থাকে। কারণ এ শাখা হতে এ কার্যালয়ের সকল চিঠিপত্র রেজিস্টারে এন্ট্রি করে পোস্ট অফিসে প্রেরণ করা হয় এবং বিভাগীয় কমিশনার অফিসের ৩য় শ্রেণির কর্মচারীদের বেতন ভাতা, কর্মকর্তা/কর্মচারীদের ভ্রমণ বিবরণীর আলোকে ভ্রমণ ভাতা বিল, এ বিভাগের সকল জেলা প্রশাসকগণের ভ্রমণ বিবরণীর আলোকে ভ্রমণ ভাতা বিল অনুমোদনসহ এ বিভাগের তৃতীয় শ্রেণির কর্মচারীদের বহিঃবাংলাদেশ ছুটি, ভবিষ্য তহবিল হতে অগ্রিম টাকা উত্তোলনসহ যাবতীয় কার্যাবলী সম্পন্ন করা হয়। এ শাখায় দায়িত্বে একজন সহকারী কমিশনার ন্যস্ত আছেন। এ শাখায় ০১জন উচ্চমান সহকারি, ০৬জন অফিস সহকারি এবং ০১জন অফিস সহায়ক কর্মরত আছেন। এ কার্যালয়ের ৩য় শ্রেণির কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ এবং বিভাগীয় পর্যায়ের ইউনিয়ন ভূমি সহকারী/উপ সহকারী কর্মকর্তা, পেশকার, সার্টিফিকেট সহকারীসহ সমপর্যায়ের কর্মচারীদের "ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স সম্পন্ন এ শাখা হতে করা হয়।